

“জরুরী কোটেশন নোটিশ”


মেসার্স

নিম্নে বর্ণিত কাজগুলির জন্য “Request for Quotation Method-এ” অনুরূপ কাজের অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারদের নিকট হইতে সীলমোহরকৃত কোটেশন আহবান করা যাইতেছে। কোটেশন সমূহ আগামী ২০/১২/২০২৩ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাইবে এবং এদিনই দুপুর ১২.৩০ মিনিটের সময় কোটেশন দাতাদের মধ্যে যদি কেহ উপস্থিত থাকিতে চাহেন তাহাদের সন্মুখে **Tender Opening Committee** কর্তৃক খোলা হইবে। অগ্রহী ঠিকাদারগণ কোটেশনের দিন ছাড়া সকল কার্য দিবসে প্রধান প্রকৌশলীর অফিস হইতে সিডিউল, নোটিশ ও শর্তাবলী ইত্যাদি (অফিস চলাকালীন সময়ে) সংগ্রহ করিতে পারিবেন। কাজের পূর্ণ বিবরণ নিম্নে দেওয়া হইল।

ক্রঃ নং ১।	কাজের নাম	কাজ সম্পাদনের সময় সীমা
ক)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক মুসলিম হল মসজিদের ছাদের উপর ভার্টিক্যাল রেইন ওয়াটার ডাউন পাইপ স্থাপন কাজ।	৩০ দিন।
খ)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার আবাসিক এলাকার ৫০/এফ নম্বর বাসাটির প্রয়োজনীয় মেরামত ও সংস্কার করণ কাজ।	৩০ দিন।
গ)	ঢাকা বিশ্ববিদ্যালয়ের কারস ভবনে নবগঠিত ন্যানোথ্রুভি সেটআপের জন্য আসবাবপত্র সরবরাহ করণ কাজ।	৩০ দিন।

ঠিকাদার/সরবরাহকারী প্রতিষ্ঠানকে আপ-টু-ডেট ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আপ-টু-ডেট আয়কর পরিশোধের সার্টিফিকেট, আপ-টু-ডেট ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন বা উহার অংশ বিশেষ বাতিল বা গ্রহণ করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সংরক্ষিত থাকিবে এবং কর্তৃপক্ষের রায়ই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। কোটেশনে অংশ গ্রহণকারী ঠিকাদারকে খামের উপর “কোটেশন” কথাটি লিখিয়া কাজের নাম ও তাহাদের ফার্মের নাম স্পষ্টাক্ষরে লিখিতে হইবে।


(মোঃ আব্দুল মান্নান)
নির্বাহী প্রকৌশলী (জোন-১)
ঢাকা বিশ্ববিদ্যালয়।

মেমো নং: ৯২৩৭(৯) প্রকৌঃ

২৭ অক্টোবর ২০২৩
তারিখ: ১৪৩০ বঙ্গাব্দ
১২/১২/২০২৩ খ্রিষ্টাব্দ